দৈনিক
জনকণ্ঠ

তারিখ 2 4 JUL 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# রাজশাহী বোর্ডের ১১ কলেজে পরীক্ষার্থী ২৯, সবাই ফেল

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** এবছর রাজশাহী শিক্ষাবোর্ডের ১১ কলেজে এইচএসসি পরীক্ষার্থী ছিল মোট ২৯ জন। এরমধ্যে মাত্র একজন করে শিক্ষার্থী ছিল চার কলেজে। ২৯ পরীক্ষার্থী সবাই ফেল করেছে পরীক্ষায়।

রবিবার দুপুরের পর বোর্ডের আনুষ্ঠানিক ফলাফল ঘোষণাকালে পরীক্ষা নিয়ন্ত্রক বলেন ২০১৬ সালে শূন্য ফলাফল প্রাপ্ত কলেজ ছিল ৮টি। এর আগে ২০১৫ সালে ৫টি, ২০১৪ সালে ২টি এবং ২০১৩ ও ২০১২ সালে ৪টি করে কলেজ ছিল এই তালিকায়। পরীক্ষা নিয়ন্ত্রকের দফতর জানিয়েছে, এবার শূন্য পাসের ওই ১১ কলেজের মধ্যে সর্বাধিক আটজন পরীক্ষার্থী ছিল নওগাঁর আত্রাই উপজেলার সাহেবগঞ্জ টেকনিক্যাল এ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজে। পাঁচ জন পরীক্ষার্থী অংশ নেয় রাজশাহীর দুর্গাপুর উপজেলার দেবিপুর কলেজ থেকে। তিনজন করে পরীক্ষার্থী ছিল নাটোরের গুরুদাসপুর উপজেলার বঙ্গবন্ধু সাইন্স এ্যান্ড ইনফরমেশন টেকনোলজি বিএম ইনস্টিটিউট এবং নওগাঁর আত্রাই উপজেলার বড় শিমলা মহিলা কলেজের। দুজন করে পরীক্ষার্থী অংশ নেয়, রাজশাহীর বাগমারা উপজেলার বড়বিহানলী বালিকা উচ্চবিদ্যালয় ও কলেজ, নাটোরের সিংড়া উপজেলার চৌগ্রাম উচ্চবিদ্যালয় ও কলেজ এবং জয়পুরহাট সদরের হিছমি আদর্শ কলেজ থেকে।

এছাড়া একজন করে পরীক্ষার্থী ছিল নাটোরের সিংড়া উপজেলার আগপাড়া শিরকলি বন্দর বিদ্যালয় ও কলেজ, নওগাঁর মান্দা উপজেলার পূর্বমান্দা আইডিয়াল কলেজ, বগুড়ার সারিয়াকান্দি উপজেলার গণকপাড়া বিদ্যালয় ও কলেজ এবং জয়পুরহাট সদরের ভাদশা আইডিয়াল কলেজ। এদিকে কেবল শূন্যপাস কলেজের সংখ্যাই বাড়েনি বেড়েছে ১০ শতাংশ থেকে ৫০ শতাংশ পরীক্ষার্থী পাস করেছে এমন কলেজের সংখ্যাও। এবছর এমন রয়েছে ১৩৯টি। গত বছর তা ছিল ১৮টি। এর আগে ২০১৫ সালে ২৬টি, ২০১৪ সালে ১৫টি এবং ২০১৩ সালে ৯টি কলেজ ছিল এ তলিকায়। এ বছর ৫০ শতাংশ থেকে ৯৯ শতাংশ পরীক্ষার্থী পাস করেছে এমন কলেজ রয়েছে ৫৬৯টি। গত বছর এ সংখ্যা ছিল ৬১৮টি। এর আগে ২০১৫ সালে ৬২১টি, ২০১৪ সালে ৬১৮টি এবং ২০১৩ সালে ৬০১টি কলেজ ছিল এ তালিকায়।